গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪৩.৯৩.০০৭.১৯ -৫০

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৮ / ২৪ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: বেসরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিদেশী বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি (NOC) প্রদান সহজিকরণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিদেশী বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি (NOC) পেতে স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করতে হয়। বিভাগ আবেদনটি মতামতের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ করে। এছাড়া বিদেশ থেকে বিশেষায়িত নার্স আনয়নের জন্য মন্ত্রণালয়কে স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণের মাধ্যমে লিখিত ছাড়পত্রসহ সংশ্লিষ্ট অধিদপ্তরের মতামত নিতে হয়। এসকল ছাড়পত্র ও মতামত পেতে দীর্ঘ সময় ক্ষেপন হয়। এই দীর্ঘসূত্রিতার কারণে বিদেশ থেকে বিশেষায়িত নার্স আনয়ণে অনেক প্রতিষ্ঠান নিরুৎসাহিত হয়ে পড়ে। উন্নতমানের অবকাঠামো থাকা সত্ত্বেও আন্তর্জাতিক মানের সেবা দিতে অনেক বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান পিছিয়ে পড়ছে।

বেসরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিদেশী বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি (NOC) প্রদানে দীর্ঘসূত্রিতা কমিয়ে অর্থাৎ সেবা সহজিকরণের নিমিত্ত স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয় হতে অনুমতি এবং সংশ্লিষ্ট অধিদপ্তর হতে মতামত আনয়নের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখা থেকে চিঠি সরাসরি প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে এ বিভাগের ইনোভেশন কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী সেবা সহজিকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত বিষয়ে সিনিয়র সচিব মহোদয় সদয় জ্ঞাপন করেছেন।

বর্ণিতাবস্থায়, বেসরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিদেশী বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি (NOC) প্রদান সংক্রান্ত সেবাটি সহজিকরণের নিমিত্ত সেবা গ্রহিতার আবেদনগুলোর বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় ছাড়পত্র গ্রহণসহ নার্সিং ও মিডয়াইফারি অধিদপ্তরের মতামত সংগ্রহের জন্য নার্সিং সেবা-১ শাখা হতে সরাসরি পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

24/2/22

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। সিনিয়র সহকারি সচিব, নার্সিং সেবা-০১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


অনুলিপি সদয় জ্ঞাতার্থে

১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# বর্তমান সেবা পদ্ধতি

| ধাপ | কার্যক্রম | জনবল ও সময় |
| --- | --- | --- |
| ধাপ-১ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর আবেদন | |
| ধাপ-২-৬ | (আবেদন সীনপূর্বক শাখায় প্রেরণ)<br>সিনিয়র সচিব/ সচিব→ অতিরিক্ত সচিব→ যুগ্মসচিব→ উপসচিব/ সিনিয়র সহকারী সচিব→ প্রশাসনিক কর্মকর্তা | P: ৫ জন<br>সময়: ৫ দিন |
| ধাপ-৭ | প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক ডায়েরীকরণ ও সংযুক্ত কাগজপত্রাদি যাচাইবাছাই | P: ১ জন<br>সময়: ২ দিন |
| ধাপ-৮ | প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক বিদ্যমান নীতিমালা অনুযায়ী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মতামতের জন্য নথি উপস্থাপন | P: ১ জন<br>সময়: ১ দিন |
| ধাপ-৯-১৪ | সিনিয়র সহকারী সচিব→ যুগ্মসচিব→ অতিরিক্ত সচিব→ যুগ্মসচিব→ সিনিয়র সহকারী সচিব→ প্রশাসনিক কর্মকর্তা | P: ৪ জন<br>সময়: ২-৩ দিন |
| ধাপ-১৫ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মতামত চেয়ে পত্রজারি | P: ১ জন<br>সময়: ১ দিন |

| | | |
|---|---|---|
| ধাপ-১৬ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ | P: ১ জন<br>সময়: ১ দিন |
| ধাপ-১৭ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর থেকে মতামত প্রাপ্তি | P: ১ জন<br>সময়: ১৫ দিন |
| ধাপ-১৮-২২ | সিনিয়র সচিব/ সচিব→ অতিরিক্ত সচিব→ যুগ্মসচিব→ উপসচিব/ সিনিয়র সহকারী সচিব→প্রশাসনিক কর্মকর্তা | P: ৫ জন<br>সময়: ৫ দিন |
| ধাপ-২৩ | নীতিমালা অনুযায়ী স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মতামতের জন্য নথি উপস্থাপন | P: ১ জন<br>সময়: ১ দিন |
| ধাপ-২৪-৩১ | সিনিয়র সহকারী সচিব→ যুগ্মসচিব→ অতিরিক্ত সচিব→ সিনিয়র সচিব/ সচিব→ অতিরিক্ত সচিব→ যুগ্মসচিব→ সিনিয়র সহকারী সচিব→ প্রশাসনিক কর্মকর্তা | P: ৫ জন<br>সময়: ৩ দিন |
| ধাপ-৩২ | চিঠি জারি ও পত্র প্রেরণ | P: ১ জন<br>সময়: ১ দিন |





**মোট ধাপ- ৪৭**

**মোট সময়- প্রায় ৮০ দিন**

# নতুন সেবা পদ্ধতি

| ধাপ | কার্যক্রম | জনবল ও সময় |
| --- | --- | --- |
| ধাপ-১ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক রাজনৈতিক ছাড়পত্রের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে এবং নিরাপত্তা ছাড়পত্রের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন | |
| ধাপ-২ | ছাড়পত্র সংগ্রহ | P: ১ জন<br>সময়: ১৫ দিন |
| ধাপ-৩ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে মতামতের জন্য পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত ছাড়পত্র ও অন্যান্য কাগজপত্রাদিসহ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে আবেদন | P: ১ জন<br>সময়: ১ দিন |
| ধাপ-৪ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সকল কাগজপত্রাদি যাচাইবাছাই এবং সংশ্লিষ্ট হাসপাতালে বিদেশি নার্সের প্রয়োজন আছে কিনা সে বিষয়ে সরেজমিনে পরিদর্শন | P: ১ জন<br>সময়: ৫ দিন |
| ধাপ-৫ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক পরিদর্শন প্রতিবেদন, মতামত ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সুপারিশসহ মন্ত্রণালয়ে অগ্রায়ণ | P: ১ জন<br>সময়: ২-৩ দিন |
| ধাপ-৬-১০ | সিনিয়র সচিব/সচিব→ অতিরিক্ত সচিব→ যুগ্মসচিব→ উপসচিব/সিনিয়র সহকারী সচিব→প্রশাসনিক কর্মকর্তা | P: ৫ জন<br>সময়: ৫ দিন |
| ধাপ-১১ | অনাপত্তির নোট উপস্থাপন | P: ১ জন<br>সময়: ১ দিন |




**মোট ধাপ- ১৯**
**মোট সময়- ৩০-৩৫ দিন**

## বর্তমান ও নতুন পদ্ধতির তুলনামূলক চিত্র

| | বর্তমান পদ্ধতি | নতুন পদ্ধতি |
|---|---|---|
| ধাপ | ৪৭ | ১৯ |
| সময় | ৮০ দিন | ৩০-৩৫ |
| যাতায়াত | ১০ বার | ২ বার |
| খরচ | ২০০০ টাকা | ৫০০ টাকা |